

“হাট বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ সদর উপজেলাধীন নিম্নবর্ণিত হাট বাজার বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত অস্থায়ীভাবে ইজারা বন্দোবস্ত দেয়ার নিমিত্ত আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। ইজারা সম্বলিত দরপত্র সিডিউলসমূহ তফসিলে উল্লেখিত ৬নং কলামে বর্ণিত তারিখ ও সময়ে (১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নারায়ণগঞ্জ সদর (২) জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ, (৩) সহকারী কমিশনার (ভূমি), ফতুল্লা রাজস্ব সার্কেল, (৪) ফতুল্লা মডেল থানা এবং (৫)। সোনালী ব্যাংক, ফতুল্লা শাখা হতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। দরপত্র সমূহ তফসিলে উল্লেখিত ৭নং কলামে বর্ণিত তারিখ ও সময়ে (১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নারায়ণগঞ্জ সদর, (২) জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ, (৩) সহকারী কমিশনার (ভূমি), ফতুল্লা রাজস্ব সার্কেল, নারায়ণগঞ্জ এ রক্ষিত দরপত্র বাস্তবে জমা দেয়া যাবে এবং ঐ দিন বেলা ২.০০ ঘটিকার সময় প্রাপ্ত দরপত্রসমূহ একত্রিত করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নারায়ণগঞ্জ সদরে উপস্থিত দরপত্র দাতাগণের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র সিডিউল বিক্রয় বা জমা গ্রহণ করা হবে না।


“তফসিল {হাট বাজার ইজারা ক্যালেন্ডার}”

ক্র: নং	হাট বাজারের নাম	ইউনিয়নের নাম	সরকারি সম্ভাব্য মূল্য.	দরপত্র সিডিউল মূল্য	সিডিউল বিক্রির তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত (সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০)	দরপত্র দাখিলের তারিখ ও সময় (সকাল ৯.০০টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত)
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
১	ফতুল্লা হাটবাজার	ফতুল্লা	৪৯,২১,৯৩৪	১০,৬০০/-	১ম বার: ২৮-০৩-২০২৩ পর্যন্ত (মঙ্গলবার)	১ম বার: ২৯-০৩-২০২৩ পর্যন্ত (বুধবার)
২	বজাবলী হাট বাজার	বজাবলী	৭২,৬১০/-	৫০০/-	২য় বার: ০৫-০৪-২০২৩ পর্যন্ত (বুধবার)	২য় বার: ০৬-০৪-২০২৩ পর্যন্ত (বৃহস্পতিবার)
৩	ডিক্রিরচর হাট বাজার	আলীরটেক	৬,৭৮৪/-	৫০০/-	৩য় বার: ১১-০৪-২০২৩ পর্যন্ত (মঙ্গলবার)	৩য় বার: ১২-০৪-২০২৩ পর্যন্ত (বুধবার)
৪	ফতুল্লা বাজার পত জবাই খানা	ফতুল্লা	৬৯,১৪৮/-	৫০০/-		

শর্তাবলী :-

- ০১। দরপত্র দাখিলের সময় দরপত্রদাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% জামানত হিসাবে “উপজেলা নির্বাহী অফিসার, নারায়ণগঞ্জ সদর” এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে।
- ০২। অনুমোদিত দরপত্রদাতাকে পত্র প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রের সাথে দাখিলকৃত জামানতের ২৫% অর্থ সমন্বয় করতঃ ইজারার উদ্ধৃত মূল্যের অবশিষ্ট ৭৫% অর্থ জমা প্রদান করতে হবে।
- ০৩। ইজারাদার কর্তৃক ইজারামূল্যের উপর ১০% হারে আয়কর এবং ১৫% হারে ভ্যাট বাবদ পরিশোধ করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল এবং জামানতের ৩০% অর্থ বাজেয়াপ্ত হবে।
- ০৪। গৃহীত দরের সমুদয় অর্থ পরিশোধের পর কর্তৃপক্ষের সাথে ৩০০/- (তিনশত) টাকার মূল্য মানের নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তিনামা সম্পাদনের পর অনুমোদিত ইজারা গ্রহীতার বরাবর হাট বাজার এর দখল হস্তান্তর করা হবে।
- ০৫। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা এবং যে কোন দরপত্রদাতার দর বহাল রেখে পুনরায় দরপত্র আহবান করার ক্ষমতা সংরক্ষণ করেন।

“সকল সময়ে জনগণের সেবা করিবার চেষ্টা করা
প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য”
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান, অনুচ্ছেদ ২১(২)


(মোঃ রিফাত ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
নারায়ণগঞ্জ সদর
ফোন নম্বর : ৭৬৪৫২৩৮
e-mail: unonarayanganjsadar@gmail.com